

ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আইইএম ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd



স্মারক নং পপঅ/আইইএম/ এসপি-১১ (মাস্ক)/৬৬/২০২০/ ১০৩২

তারিখ: ১৬/০৮/২০২০ খ্রি:

চুক্তি সম্পাদনের নোটিশ

প্যাকেজ নাম ও নম্বর: Message dissemination on COVID-19 (importance of wearing Mask) through private TV channel, Contract Package No. SP-11/2020-21.

প্রাপক: Priority edit & effects,
House#48, Road # A-3, Block-C,
Banani C/A, Dhaka-1213.

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Contract Package No. SP-11/2020-21 এর মাধ্যমে একক উৎসভিত্তিক নির্বাচন পদ্ধতি (SSS)-তে কোভিড-১৯ এর প্রতিরোধ বিষয়ে সচেতনতার জন্য মাস্ক পরার গুরুত্ব তুলে ধরে ১টি টিভিসি নির্মাণ ও ১০টি টিভি চ্যানেলে ১৫০০ বার টিভিসিটি (৬০ সেকেন্ড) প্রচারের লক্ষ্যে গত ১৩/০৮/২০২০ খ্রি: তারিখে আপনার দাখিলকৃত প্রস্তাব এবং তদুপরবর্তী নিগোশিয়েশনের সিদ্ধান্তসমূহ মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। আপনাকে নিম্নলিখিত শর্তানুসারে চুক্তি স্বাক্ষরের জন্য অনুরোধ করা হলো:

১. Priority edit & effects অত্র প্যাকেজের সেবা মোট ১,১৯,৭২,৮৮৭.৫০ (এক কোটি উনিশ লক্ষ বাহাত্তর হাজার আটশত সাতাশি টাকা ও পঞ্চাশ পয়সা মাত্র (ভ্যাট ও ট্যাক্স সহ) প্রদান করবেন।

২. অত্র প্যাকেজের সংশ্লিষ্ট সেবা- টিভিসি নির্মাণের জন্য স্ক্রিপ্ট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আইইসি টেকনিক্যাল কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে এবং টিভিসি নির্মাণের পর চূড়ান্ত দাখিলে পূর্বে অবশ্যই আইইসি টেকনিক্যাল কমিটির থেকে অনুমোদন গ্রহণ করতে হবে।

৩. অত্র প্যাকেজের সংশ্লিষ্ট সেবা ৩০ সেপ্টেম্বর ২০২০ খ্রি: তারিখের মধ্যে সরবরাহ প্রদান করতে হবে।

৪. নির্মিত টিভিসি-টি ১০টি বেসরকারী টিভি চ্যানেলে প্রচারিত হবে। চ্যানেল সমূহ হলো: সময় টিভি, ৭১ টিভি, ডিবিসি, ইনডিপেন্ডেন্ট টিভি, এটিএন নিউজ, নিউজ-২৪, মাই টিভি, বৈশাখী টিভি, এশিয়ান টিভি এবং চ্যানেল-৯। টিভিসি-টি দুপুর ১২:০০ টা থেকে রাত ১১:০০ টার সংবাদ প্রচার সময়ের মধ্যে প্রচারিত হবে। তবে দুপুর ১২:০০ ঘটিকার সংবাদের বিজ্ঞাপনের ২-৩ মিনিট বেশি পূর্বে এবং রাত ১১:০০ ঘটিকার নিউজের ১ম বিজ্ঞাপন বিরতীর পরে প্রচার করা যাবে না। ক্রয়কারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরীকে এই প্যাকেজের টিভিসি অন্য কোথাও প্রচার/ব্যবহার করা যাবেনা।

৫. অত্র প্যাকেজের সংশ্লিষ্ট সেবার জন্য আগামীকাল ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ৩০০ টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে স্বাক্ষর করতে হবে।

এই চুক্তি সম্পাদনের নোটিশ চুক্তির অংশ হিসাবে পরিগণিত হবে। চুক্তির খসড়া ও অন্যান্য ডকুমেন্টস আপনার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও স্বাক্ষরের জন্য প্রেরণ করা হলো।

(ড. আশরাফুল হোসেন)

পরিচালক (আইইএম) ও লাইন ডাইরেক্টর (আইইসি)

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

৬, কাওরানবাজার, ঢাকা-১২১৫

ফোন: ০২-৫৫০১২৩৫০

ই-মেইল: iemdgfp@gmail.com

বিতরণ : (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চীফ এক্যাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি (সিভিল) ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২. উপপরিচালক (পিএম/এমপি), আইইএম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪. অফিস কপি।